

বিজ্ঞপ্তি

নং-৮০.১০২.০১১.০০.০০.০৯.২০১৬-২৪২

তারিখঃ ২৫ শ্রাবণ ১৪২৪
০৯ আগষ্ট ২০১৭

বিষয়ঃ তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের ২য় শ্রেণির “উপ সহকারী প্রকৌশলী” পদে প্রার্থীদের প্রিলিমিনারি (MCQ) পরীক্ষা।

তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের ২য় শ্রেণির “উপসহকারী প্রকৌশলী” পদে নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী প্রার্থীদের প্রিলিমিনারি (MCQ) পরীক্ষা অনুষ্ঠিত হবেঃ

“উপ সহকারী প্রকৌশলী” (অনলাইন বিজ্ঞপ্তি নং-৭০, তারিখঃ ১০.১১.১৬) :

পরীক্ষার তারিখ ও সময়	কেন্দ্রের নাম	প্রার্থী সংখ্যা
তারিখঃ ২৭.০৮.২০১৭ রোজঃ রবিবার বিকাল ৩.০০ টা থেকে ৪.০০ টা পর্যন্ত	মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা।	১৪৪৮ জন

সময়সূচী ও নির্দেশাবলী :

সময়	পরীক্ষার্থীদের করণীয় কাজ
২:১৫ মিঃ	পরীক্ষার্থীগণ নির্ধারিত হলে নিজ নিজ কক্ষে প্রবেশ এবং আসন গ্রহণ করবেন।
২:৩০ মিঃ	পরীক্ষার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিঃ নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন।
৩:০০মিঃ	প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রে সেট নম্বর মুদ্রিত থাকবে। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র প্রাপ্তির পর এই মর্মে নিশ্চিত হবেন যে, তাকে যে সেট নম্বর উত্তরপত্র সরবরাহ করা হয়েছে তিনি সেই সেট নম্বরের প্রশ্নপত্র পেয়েছেন।
৪:০০মিঃ	পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীরা পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন।

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী :

- “উপ-সহকারী প্রকৌশলী” পদের প্রবেশপত্র কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে।
- সংশ্লিষ্ট তালিকাভুক্ত কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।
- ওয়েবসাইটে এবং প্রবেশপত্রের ২য় পৃষ্ঠায় প্রদত্ত নির্দেশাবলী মনোযোগ সহকারে পড়ে তা যথাযথ ভাবে পালন করতে হবে।
- দুপুর ২:৩০ টার পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।
- পরীক্ষায় কোন প্রকার ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। মোবাইল ফোন, কোন ধরনের যোগাযোগ যন্ত্র, হাতঘড়ি, বই-পুস্তক, ব্যাগসহ কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না। পরীক্ষা হলের গেটে হাতঘড়ি ও মোবাইল ফোনের জন্য বিশেষ তত্ত্বাশী অভিযান চালানো হবে। পরীক্ষার হলের গেটে পুলিশ এর উপস্থিতিতে প্রবেশপত্র পরীক্ষা করে প্রার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। পরীক্ষা কক্ষে কোন পরীক্ষার্থীর নিকট হাতঘড়ি, মোবাইল ফোন বা কোন ধরনের যোগাযোগ যন্ত্র পাওয়া গেলে উক্ত প্রার্থীকে হল থেকে বহিষ্কার করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।
- প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থী পুনরায় প্রবেশের অভিপ্রায়ে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না অথবা প্রশ্নপত্র পাওয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

ক্রমশ/২

পূর্ব পৃষ্ঠার পর হতে:

৭. পরীক্ষার্থীদের রেজিঃ নম্বর ৬ (ছয়) ডিজিট সম্বলিত। কোন প্রার্থীর রেজিঃ নম্বর ৬(ছয়) ডিজিটের কম হলে বাম দিকের ঘর/ঘরগুলো শূন্য দিয়ে পূরণ করে রেজিঃ নম্বরের ডিজিটসমূহ বল পয়েন্ট কলম দিয়ে প্রযোজ্য ঘরে লিখে নিচের বৃত্তগুলো কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে।
৮. পরীক্ষার্থীদের ১০০ নম্বরের অবজেকটিভ ধরনের প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য পরীক্ষার্থী ১(এক) নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।
৯. বিজ্ঞপ্তিটি www.bpsc.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

- পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৯/০২/১০৮/১০১৭

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)